মেহেরপুরে পুলিশের অভিযানে ১০ আসামি গ্রেফতার

মেহেরপুরে পুলিশের গত ২৪ ঘন্টার অভিযানে নিয়মিত মামলায় ১০ আসামি গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃতদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে ৩ জন, গাংনী থানা পুলিশের অভিযানে ৬ ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে ১ আসামি গ্রেফতার হয়েছে।

বুধবার সকাল থেকে আজ বৃহস্পতিবার (২৯ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলমের নির্দেশে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের পৃথক টিম এসব গ্রেফতার অভিযানে অংশ নেন।

আজ বৃহস্পতিবার দুপুরের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে ভারতীয় গরুসহ আটক ১

মেহেরপুরে ভারত থেকে চোরাইপথে আনা দুই টি গরুসহ নাহিদ হুসাইন
(৩৩) নামের একজনকে আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশের একটি টিম।

মঙ্গলবার (২৭ সেপ্টেম্বর) সকাল ১১ টার দিকে সদর উপজেলার সীমান্তবর্তি বাড়িবাঁকা গ্রামের দাশপাড়া এলাকা থেকে চোরাইপথে আনা ২ টি গরুসহ নাহিদ হুসাইনকে আটক করা হয়।

মেহেরপুর সদর থানার তদন্ত অফিসার মেজবাহ উদ্দীন আহম্মেদের নেতৃত্বে উপপরিদর্শক (এসআই) হাবিবুর রহমান,

এএসআই শাকিল খানসহ সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে দুটি গরু সহ তাকে আটক করেন। গরু দুইটির আনুমানিক মূল্য দেড় লাখ টাকা বলে জানা গেছে।

এঘটনায় সদর থানা পুলিশ বাদী হয়ে ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ২৪-বি/২৫ ডি ধারায় নাহিদের বিরুদ্ধে একটি মামলা দায়ের করেছেন। মামলা নং ৪৫, তারিখ ২৬/০৯/২০২২ ইং।

মামলার আসামি নাহিদ হুসাইনকে মঙ্গলবার বিকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে পুলিশের অভিযানে ডাকাতি ও চুরি মামলার ২ আসামি গ্রেফতার

গাংনী পুলিশের পৃথক অভিযানে ডাকাতি ও চুরির মামলার দুই আসামি গ্রেফতার হয়েছে।

এরা হলেন, গাংনী উপজেলার কাজিপুর গ্রামের আনারুল ইসলামের ছেলে রনি আহম্দে ও একই উপজেলার ব্রজপুর গ্রামের ছুরমান আলীর ছেলে নুরুল ইসলাম।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের পৃথক টিম গতকাল রবিবার (২৫ সেপ্টেম্বর) দিবাগত রাতে অভিযান চালিয়ে এই দুই আসামি গ্রেফতার করেন।

এদের মধ্যে নুরুল ইসলাম বামন্দী-দেবিপুর সড়কের রাস্তায় গাছ ফেলে গণডাকাতির মামলার সন্দেহভাজন আসামি ও রনি আহমেদ কাজিপুর এলাকার একটি চুরির মামলার আসামি।

গত ২৪ সেপ্টেম্বর দিবাগত রাতে বামন্দী-দেবিপুর সড়কে এই ডাকাতির ঘটনা ঘটে। এঘটনায় বামন্দী পশ্চিমপাড়া এলাকার ফজলুর রহমানের ছেলে রনি বাদী হয়ে ১০/১২ জনকে আসামি করে একটি মামলা দায়ের করেন। গাংনী থানার মামলা নং ৩৬. তারিখ ২৫/০৯/২০২২ ইং। এমামলায় পুলিশ অভিযান চালিয়ে নুরুল ইসলামকে সন্দেহভাজন হিসেবে আটক করেন।
এছাড়া রনি আহমেদ গাংনী থানার মামলা নং ২৫, তারিখ ২৫/০৯/২০২২ মামলায় গ্রেফতার করা হয়েছে।

আজ সোমবার (২৬ সেপ্টেম্বর) দুপুরের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৬ আসামি গ্রেফতার

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের গত ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে ৬ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ৩ জন ও আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ২ জন এবং গাংনী থানা পুলিশের অভিযানে সিআর মামলায় ১ আসামি রয়েছে।

বৃহস্পতিবার সকাল থেকে আজ শুক্রবার (২৩ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন স্থানে পুলিশের অভিযানে এসব আসামি গ্রেফতার হন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি রফিকুল ইসলাম ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের পৃথক টিম গ্রেফতার অভিযানে অংশ নেন।

গ্রেফতারকৃতদের আজ শুক্রবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৮ আসামি গ্রেফতার

মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ৮ আসামি গ্রেফতার হয়েছেন।

গ্রেফতারকৃতদের মধ্যে নিয়মিত মামলায় ৪ জন ও আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ৪ আসামি রয়েছে।

সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ৪ জন ও নিয়মিত মামলায় ১ জন এবং গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ৩ আসামি গ্রেফতার হয়েছে।

বুধবার সকাল থেকে আজ বৃহস্পতিবার (২২ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন স্থানে পুলিশের অভিযানে এসব আসামি গ্রেফতার হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলামের নেতৃত্বে পুলিশের পৃথক টিম অভিযানে অংশ নেন।

গ্রেফতারকৃতদের আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে ৩ আসামি গ্রেফতার

মেহেরপুর সদর থানা পুলিশের গত ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে ৩ জন আসামি গ্রেফতার হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল থেকে আজ বুধবার (২১ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত সদর উপজেলার বিভিন্ন গ্রামের অভিযান চালিয়ে নিয়মিত মামলার ৩ আসামি গ্রেফতার করে পুলিশ।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলামের নেতৃত্বে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

এসময় মাদক উদ্ধার ও মারামারির ঘটনায় ৪ টি মামলা রেকর্ড করা হয়েছে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, গ্রেফতারকৃতদের আজ বুধবার (২১ সেপ্টেম্বর) দুপুরের দিকে আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে সাজাপ্রাপ্তসহ ১০ আসামি গ্রেফতার

মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে আদালতের পরোয়ানাভূক্তসহ নিয়মিত মামলার ১০ জন আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ৩ ও পুরানো মামলার ২ আসামিসহ ৫ জন, সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলার ৩ ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে পরোয়ানাভূক্ত জিআর মামলায় সাজাপ্রাপ্ত ১ আসামিসহ ২ জনকে গ্রেফতার করে।

সোমবার সকাল থেকে আজ মঙ্গলবার (২০ সেপ্টেম্বর) পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করে পুলিশ।

পুলিশ সুপার রাফিউল আলমের নির্দেশে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি)

মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের পৃথক টিম অভিযানে অংশ নেন।

এদিকে গত ২৪ ঘন্টায় তিনটি থানায় দুটি চুরির, একটি ধর্ষণ চেষ্টাসহ ৪ টি মামলা রেকর্ড করা হয়েছে।

আজ মঙ্গলবার (২০ সেপ্টেম্বর) দুপুরের দিকে গ্রেফতারকৃতদের আদালতে সোপর্দকরা হয়েছে।

গাংনী থানা পুলিশের অভিযানে ৪ আসামি গ্রেফতার

আদালতের পরোয়ানাভূক্ত ৪ আসামিকে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশে। রবিবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ সোমবার (১৯ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত গাংনী উপজেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামিদের গ্রেফতার করে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এতথ্য নিশ্চিত করেছেন।

গ্রেফতারকৃতরা হলেন নারী ও শিশু নির্যাতন দমন আইনে দায়ের হওয়া জিআর ৩১/২২ নং মামলায় আদালতের পরোয়ানাভূক্ত আসামি গাংনী উপজেলার আকুবপুর গ্রামের জামাত আলী ওরফে কালু পাঙ্গিলের ছেলে নান্নু মিয়া। জিআর ১৭১/২০ নং মামলার আসামি সহড়াবাড়িয়া গ্রামের ছের আলীর ছেলে হুমায়ন আলী, জিআর ১৬৪/২২ নং মামলায়

আদালতের পরোয়ানাভূক্ত আসামি ছাতিয়ান গ্রামের মুক্তার আলীর ছেলে রুবেল হোসেন (২২), জিআর ৪৪/২১ নং মামলার আসামি কামারখালি গ্রামের হামিজ উদ্দীনের ছেলে মজনু মিয়া।

গ্রেফতারকৃতদের সোমবার (১৯ সেপ্টেম্বর) দুপুরের দিকে আদালতে প্রেরণ করা হয়েছে বলে জানান ওসি আব্দুর রাজ্জাক।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সেপ্টেম্বর) সকাল পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন স্থানে এসব অভিযান চালান পুলিশের পৃথক টিম।

বিভিন্ন মেয়াদের সাজাপ্রাপ্তরা গ্রেফতারকৃতরা হলেন, চেক ডিজঅনার মামলার আসামি সদর উপজেলার পুরাতন দরবেশপুর গ্রামের মকছেদ আলীর ছেলে আবু তালেব। একই উপজেলার চাঁদপুর গ্রামের নজরুল ইসলামের দায়ের করা মামলা যার নং সিআর ৫৯১/১৭। মামলায় ১ বছরের কারাদন্ড ও ৩০ লাখ টাকা জরিমানা করেন আদালত। মাদক মামলায় ৬ মাসের সাজাপ্রাপ্ত পলাতক (মামলা নং জিআর ৫৫/১৪) আসামি নড়াইল জেলার লোহাগড়া উপজেলার মরিচপাশা গ্রামের বাকা সর্দারের ছেলে রাকিব, মাদক মামলায় (মামলা নং জিআর ৩৬৮/১৫) ১ বছরের অপর সাজাপ্রাপ্ত আসামি পিরোজপুর গ্রামের ছহির উদ্দীনের ছেলে কালু বিশ্বাস, ২ বছর ৩ মাসের সাজাপ্রাপ্ত পলাতক আসামি (মামলা নং এসটিসি ১২৬/১৬)গাংনী উপজেলার শিশিরপাড়া গ্রামের সমসের আলীর ছেলে মতিয়ার রহমান ওরফে মতি এবং জিআর ৮৩০/১২ মামলার সাজাপ্রাপ্ত আসামি একই উপজেলার করমদি গ্রামের সিরাজ উদ্দীনের ছেলে সাহাবুল ইসলাম।

এদিকে আদালতের পরোয়ানাভূক্ত সেসন মামলা ১১/২০ এর আসামি গাংনী উপজেলার হিন্দা গ্রামের সামসুদ্দীনের ছেলে মোস্তাক, নারী ও শিশু নির্যাতন দমন আইন মামলা যার নং ৩২৭/২২ মামলার আসামি কাজিপুর গ্রামের জালাল উদ্দীনের মেয়ে তাসমিমা খাতুন ও স্ত্রী নাইমা বেগম, গাংনী থানার মামলা নং ০৯, তারিখ ০৯/০৯/২০২২ মামলার আসামি গাংনী উপজেলার ফতাইপুর গ্রামের বাহারুল ইসলামের ছেলে নাহিদ হোসেন, জিআর ৩২৫/২২ মামলার আসামি মুজিবনগর উপজেলার মোনাখালি গ্রামের আরশেদ আলীর ছেলে সুমন আলী, জিআর ৩৩/২২ মামলার আসামি সদর উপজেলার বাড়িবাঁকা গ্রামের সামসুল হুদার ছেলে জাহিদুল ইসলামকে গ্রেফতার করা হয়েছে।

পুলিশ সুপার রাফিউল ইসলামের নির্দেশে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের বিভিন্ন টিম পৃথক অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

আজ বুধবার (১৪ সেপ্টেম্বর) দুপুরের দিকে গ্রেফতারকৃতদের আদালতের সোপর্দ করা হয়েছে।